

হরিণাকুণ্ডু পৌরসভা কার্যালয়

হরিণাকুণ্ডু, ঝিনাইদহ

স্থাপিত : ২০০২খ্রিঃ

স্মারক নং-হপৌ/প্রশাঃ/২০২২-২০২৩/০৫/২০৩

তারিখ : ০১/০৯/২০২২খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-২ শাখার স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৪.১১.০৮৫.১৫-৯৯৮ তারিখ : ৩১/০৮/২০২২ খ্রিঃ প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে হরিণাকুণ্ডু পৌরসভায় নিম্নে বর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শূন্য পদের তালিকা

ক্র: নং	পদের নাম	বেতন স্কেল	পদ সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা
১	হিসাবরক্ষক	১১০০০-২৬৫৯০ গ্রেড-১৩	০১ (এক)টি	১৮-৩০ বছর	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। হিসাবরক্ষণ কাজে ন্যূনতম ২ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
২	নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক	৯৩০০-২২৪৯০ গ্রেড-১৬	০১ (এক)টি	১৮-৩০ বছর	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাস অথবা সমমানের যোগ্যতাসহ বাংলায় ৩০ এবং ইংরেজীতে ৪০ শব্দের গতি থাকতে হবে। পৌরসভায় কর্মরত ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য, তবে এই পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।
৩	সহকারী কর আদায়কারী	৯৭০০-২৩৪৯০ গ্রেড-১৫	০১ (এক)টি	১৮-৩০ বছর	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী।
৪	টিকাদানকারী (পুরুষ)	৯০০০-২১৮০০ গ্রেড-১৭	০১ (এক)টি	১৮-৩০ বছর	স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক পাস হতে হবে। টিকাদান কাজে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে।
- আবেদনকারীকে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদন আগামী ২১/০৯/২০২২খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। হাতে হাতে কোন আবেদন গ্রহণ করা হবে না।
- আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত : (ক) নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) ২১/০৯/২০২২খ্রিঃ তারিখে বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি বিধান মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে। বিশেষ কোটার প্রার্থী হলে আবেদনপত্রে কোটার নাম উল্লেখ করতে হবে এবং স্বপক্ষে সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনী হলে সে ক্ষেত্রে তাকে তার পিতা/মাতা/দাদার অনুকূলে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি, জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) সত্যায়িত কপি, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/প্রশাসক/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ জমা দিতে হবে। সকল সনদ/ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নামসহ সীল) সত্যায়িত হতে হবে।
- বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়। আবেদনকারীর বয়স ২১/০৯/২০২২খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- একজন প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করতে পারবে না।
- যে কোন তফশিলভুক্ত ব্যাংক হতে ৫০০.০০ (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মেয়র, হরিণাকুণ্ডু পৌরসভা বরাবরে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ক্রটিপূর্ণ বা অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- এই নিয়োগ পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯২ দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোঃ ফারুক হোসেন)

মেয়র

হরিণাকুণ্ডু পৌরসভা, ঝিনাইদহ

ফোন : ০২৪৭৭৭৫০১৮৪

পিসি-১৩২৮/২২ (৮"×৪)

Email: harinakundupourasava@lgd.gov.bd